

ন্যূনতম মজুরি বৃদ্ধি পেয়েছে

কানাডা জুড়ে কর্মীরা যারা ফেডারেলভাবে নিয়ন্ত্রিত এবং প্রাদেশিক শ্রম আইনের অধীনে অন্টারিও কর্মীদের উভয়েরই প্রতি ঘন্টায় কমপক্ষে ১৫.৫০ ডলার এর ন্যূনতম মজুরি রয়েছে।

অন্টারিও ন্যূনতম মজুরি ১৫.৫০ ডলার

আপনি প্রতি ঘন্টা কাজ করার জন্য আপনাকে অবশ্যই কমপক্ষে ন্যূনতম মজুরি দিতে হবে। কিছু কর্মী বা শ্রমিক, উদাহরণস্বরূপ খামার শ্রমিকদের ন্যূনতম মজুরির জন্য বিশেষ নিয়ম রয়েছে। আপনার চাকরি যদি ন্যূনতম মজুরি দ্বারা সুরক্ষিত না হয়ে থাকে অথবা আপনি যদি মনে করেন যে, আপনি আপনার প্রযোজ্য ন্যূনতম মজুরি পাচ্ছেন না তবে আমাদের কল করুন।

মদের সার্ভাররা সাধারণ ন্যূনতম মজুরির চেয়ে কম বেতন পেতেন। তবে ১ জানুয়ারি, ২০২২ থেকে মদের সার্ভাররাও সাধারণ ন্যূনতম মজুরি পাবেন।

	সাধারণ ন্যূনতম মজুরি	১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীরা
১ লা অক্টোবর, ২০২২	১৫.৫০ ডলার	১৪.৬০ ডলার
১ লা অক্টোবর, ২০২৩	১৫.৫০ ডলার এবং জীবনযাত্রার সমন্বয় খরচ	১৪.৬০ ডলার এবং জীবনযাত্রার সমন্বয় খরচ

ফেডারেল ১৫.৫৫ডলার ন্যূনতম মজুরি

ফেডারেলভাবে নিয়ন্ত্রিত কর্মক্ষেত্রের জন্য সর্বনিম্ন মজুরি প্রতি ঘন্টায় ১৫.৫৫ ডলার। প্রতি ১ লা এপ্রিল জীবনযাত্রার ব্যয়-এর সাথে তাল মিলিয়ে চলার জন্য এটি উপরের দিকে সমন্বয় করে বৃদ্ধি করা হবে। ২৯ সে ডিসেম্বর, ২০২১ এর পূর্বে, ফেডারেল ন্যূনতম মজুরি প্রতিটি প্রদেশ এবং অঞ্চলের জন্য প্রাদেশিক ন্যূনতম মজুরির হারের সাথে মিলিয়ে প্রদান করা হতো।

ব্যাংকিং, সম্প্রচার, টেলিযোগাযোগ, আন্তঃপ্রাদেশিক এবং আন্তর্জাতিক পরিবহন, সেইসাথে ফেডারেল ক্রাউন কর্পোরেশন এবং ফাস্ট নেশনস রিজার্ভের কিছু কার্যক্রমের মতো খাতের কর্মীরা কানাডা শ্রম কোডের নিয়মের অধীনে অন্তর্ভুক্ত। এই খাতে প্রায় ১ মিলিয়ন কর্মী অন্তর্ভুক্ত রয়েছে।

নিজের সুরক্ষা!

- যদি আপনার বস আপনাকে ন্যূনতম মজুরির চেয়ে কম বেতন দিয়ে থাকেন তবে কাজের সমস্ত তারিখ ও ঘন্টা এবং আপনাকে যে মজুরি দেওয়া হয়েছিল তার একটি রেকর্ড বাড়িতে লিখে রাখুন।
- বস কি সবাইকে ন্যূনতম মজুরির চেয়ে কম বেতন দিচ্ছেন? আপনার বিশ্বাসী লোকদের সাথে কথা বলুন এবং কীভাবে আপনাদের মজুরি এবং কাজের অবস্থার উন্নতি করা যায় তা নিয়ে আলোচনা করতে আমাদের সাথে যোগাযোগ করুন বা আমাদের সাথে একটি সভার আয়োজন করুন।
- যখন ন্যূনতম মজুরি বেড়ে যায়, তখন কিছু নিয়োগকর্তা কর্মীদের সুবিধা, ঘন্টা, টিপস কমিয়ে দেন বা কর্মীদের এমন ধরণের অর্থ প্রদান করতে বলেন যা তাদের আগে দিতে হয়নি। এটা কিন্তু ঠিক না। এটি আপনার কর্মক্ষেত্রে ঘটতে থাকলে, সাহায্যের জন্য আমাদেরকে কল করুন।

Updated October 2022